



# পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

দুমকি, পটুয়াখালী-৮৬০২

ফোন: ০২৪৭-৮৮৮৩৪৭১, ইমেইল: registrar@pstu.ac.bd

তারিখ: ০৫/১০/২০২৩

## চূড়ান্ত ভর্তি সম্পন্ন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ACAS গুচ্ছের অধীনে যে সকল ছাত্রছাত্রীরা চূড়ান্ত ভর্তির জন্য নির্বাচিত হয়েছে তাদেরকে আগামী ০৮/১০/২০২৩ থেকে ১০/১০/২০২৩ তারিখ প্রতিদিন সকাল ১০:০০ টা হতে বিকাল ৪:০০ টার মধ্যে (বিশ্ববিদ্যালয় অডিটোরিয়াম ACAS বুথ, দুমকি, পটুয়াখালী) সশরীরে উপস্থিত হয়ে ভর্তি ফরম ও অন্যান্য ফরম সংগ্রহ করে ভর্তি ফরম পূরণ পূর্বক নিজ নিজ অনুমোদিত প্রয়োজনীয় কাগজপত্রাদি জমা প্রদান পূর্বক চূড়ান্ত ভর্তি নিশ্চিত করতে হবে।

ক. চূড়ান্ত ভর্তি সংক্রান্ত সময়সূচী:

ক্র.নং	তারিখ	বিষয়বস্তু
১.	০৮/১০/২০২৩ খ্রিঃ ০৯/১০/২০২৩ খ্রিঃ ১০/১০/২০২৩ খ্রিঃ (সকাল ১০:০০ টা হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত)	সশরীরে উপস্থিত হয়ে প্রয়োজনীয় কাগজপত্রাদি জমা প্রদান ও চূড়ান্ত ভর্তি নিশ্চিতকরণ

খ. ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্যাবলী:

- ভর্তির সময়ে ACAS প্রবেশপত্র, ১০,০০০.০০ টাকা জমাদান স্লীপ, এসএসসি পাশের মূল সনদ ও এইচএসসি পাশের মূল সনদ/প্রশংসাপত্র, এসএসসি ও এইচএসসি পাশের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট এবং সদ্য তোলা ৪ কপি স্ট্যাম্প ও ৪ কপি পাসপোর্ট সাইজ ছবি প্রদান করতে হবে। উল্লেখ্য হল ভর্তি ফি (৩১২০ টাকা) ক্লাস শুরু পূর্বে নোটিশ অনুযায়ী নির্ধারিত হল এটাচমেন্ট অনুযায়ী সংশ্লিষ্ট হলের হল অফিসে জমা দিতে হবে। এছাড়া আর অন্য কোন ফি জমাদানের প্রয়োজন নেই।
- যারা যে কোটায় ভর্তির জন্য নির্বাচিত হবে তাদের অবশ্যই মূল মুক্তিযোদ্ধা সনদ/উপজাতি সনদ/প্রতিবন্ধী/পোষ্য-সন্তান/হরিজন-দলিত সনদ/প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের সনদ দেখাতে হবে এবং তার ফটোকপি প্রদান করতে হবে।  
[ বিঃ দ্রঃ ক. মুক্তিযোদ্ধা নাতি/নাতনি দের উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধার অমুক পুত্র/কন্যার সন্তান অমুক মর্মে সনদ;  
খ. উপজাতি কোটার প্রার্থীকে জেলা প্রশাসকের সনদ;  
গ. প্রতিবন্ধী প্রার্থীকে উপজেলা সমাজকল্যাণ কর্মকর্তার সনদ;  
ঘ. হরিজন-দলিত প্রার্থীদের উপজেলা নির্বাহী কর্মকর্তার (অফিসিয়াল প্যাডে) সনদ প্রদান করতে হবে।  
ঙ. প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের সনদ দেখাতে হবে এবং তার ফটোকপি প্রদান করতে হবে। উল্লেখ্য সংশ্লিষ্ট সনদ অবশ্যই <https://wewb.gov.bd> এই ওয়েবসাইটে আপলোড করা থাকতে হবে।  
চ. পোষ্য কোটার জন্য বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার মহোদয় এর নিকট হতে প্রত্যয়ন পত্র প্রদান করতে হবে।  
(নমুনা কপি ওয়েবসাইটে (<https://admission.pstu.ac.bd>) পাওয়া যাবে)।
- সকল ছাত্রছাত্রীকেই হল এটাচমেন্ট গ্রহণ করতে হবে। প্রাপ্যতা সাপেক্ষে মেধানুসারে ছাত্রছাত্রীদেরকে হলে সিট বরাদ্দ করা হবে।
- প্রতি সেমিস্টারের কোর্স ফি ও এনরোলমেন্ট ফি প্রদান পূর্বক এনরোল করতে হবে।
- প্রার্থী কোনরূপ ভুল বা অসঙ্গতিপূর্ণ তথ্য প্রদান করলে ভর্তি প্রক্রিয়ার যে কোন পর্যায়ে অথবা পরবর্তীতে তার ভর্তি বাতিল হবে।
- প্রকাশিত নিয়মনীতি বা পরিক্রমার বিরুদ্ধে কোন আপিল গ্রহণযোগ্য হবে না।
- ভর্তি সংক্রান্ত নীতিমালায় যে কোন পরিবর্তন, সংশোধন, সংযোজন ও বিয়োজনের অধিকার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ভর্তি সংক্রান্ত যাবতীয় আপডেট তথ্য বিশ্ববিদ্যালয়ের ভর্তি সংক্রান্ত ওয়েবসাইটে (<https://admission.pstu.ac.bd>) পাওয়া যাবে।

গ. টেকনিক্যাল সহযোগিতার জন্য হেল্পলাইনঃ ০১৯২৭০৪৬৩৯৪, ০১৫৫৮৯১০৭৪১ (মোঃ মাহমুদুল হাসান ফয়সাল, কম্পিউটার প্রোগ্রামার, পবিপ্রবি)  
০১৭১২৬৫৩২১০ (ড. মোঃ শামসুজ্জামান, অধ্যাপক, সিসিই বিভাগ ও সদস্য সচিব, টেকনিক্যাল উপকমিটি)

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. সন্তোষ কুমার বসু)  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) ও সদস্য-সচিব  
ভর্তি কমিটি ২০২২-২০২৩, পবিপ্রবি

# Admission Process

## Flowchart

